**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন ত্রিপুরায় কৃষি এবং পর্যটনে উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বাড়ছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ তেলিয়ামুড়ার নেতাজি নগরে ব্যয়ে নবনির্মিত অত্যাধুনিক মোটর স্ট্যান্ডের উদ্বোধন করেছেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বারাণসীর মেহেদিগঞ্জে তিন হাজার আটশ ৮৪ কোটি টাকারও বেশি মূল্যের ৪৪টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।**

**(৪) রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে।**

*****************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলায় আসাম রাইফেলস আয়োজিত ২০৩০ সালের উত্তর-পূর্ব ভারতের সম্ভাবনা এবং সমস্যা - শীর্ষক সম্মেলনে বক্তব্য রাখেন। তিনি বলেন, ত্রিপুরা দক্ষিনপূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠছে। কৃষি এবং পর্যটনে উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বাড়ছে। তিনি উত্তর-পূর্ব ভারতের সার্বিক উন্নয়নের জন্য রাজ্যগুলির জৈব বৈচিত্র্য, প্রাকৃতিক সম্পদ, বৈচিত্র্যময় আদিবাসী সম্প্রদায় এবং সাংস্কৃতিক বৈচিত্রের বিভিন্ন দিক তুলে ধরেন।

######Byte-Governor#####

অনুষ্ঠানে আলোচনা করেন ২১ সেক্টর আসাম রাইফেলসের ব্রিগেডিয়ার মনীশ রানা ও অন্যান্য আধিকারিকগণ।

*************************

**CM-Khowai :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ তেলিয়ামুড়া নেতাজি নগরে পাঁচ কোটি টাকা ব্যয়ে নবনির্মিত অত্যাধুনিক মোটর স্ট্যান্ডের উদ্বোধন করেছেন। এ উপলক্ষ্যে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার শিক্ষা, স্বাস্থ্য, কৃষি থেকে শুরু করে প্রত্যেকটি বিভাগেই পরিকাঠামোর উন্নয়নের জন্য কাজ করছে। খোয়াই জেলায় কি কি উন্নয়নমূলক কাজ হয়েছে তা তিনি বিস্তারিত উল্লেখ করেন। তিনি বলেন, রাজ্য সরকার প্রচুর সংখ্যক সরকারি চাকুরী প্রদান করবে।

#######Byte-CM#######

এই অনুষ্ঠান থেকেই মুখ্যমন্ত্রী ভার্চুয়ালভাবে তেলিয়ামুড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, মুঙ্গিয়াকামি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় ও কবি নজরুল বিদ্যামন্দির দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নবনির্মিত পাকা বাড়ির উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধানসভার মুখ্য সচেতক বিধায়িকা কল্যাণী সাহা রায় ও খোয়াই জেলার জিলা সভাধিনেত্রী অপর্ণা সিনহা রায় প্রমুখ।

মুখ্যমন্ত্রী আজ কল্যাণপুরে - কল্যাণপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নতুন পাকাবাড়ি উদ্বোধন করেন। সেই অনুষ্ঠান থেকে তিনি ভার্চুয়ালভাবে রামচন্দ্রঘাটের বীরচন্দ্রপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের পাকা বাড়ির উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, রঞ্জিত দেববর্মা, খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ প্রমুখ।

****************************

**Tourism Minister :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মজলিশপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত পূর্ব বড়জলা গ্রাম পঞ্চায়েত এলাকা পরিদর্শন করেন ও এলাকায় পানীয়জল সহ অন্যান্য সমস্যা নিয়ে এলাকাবাসীর সঙ্গে মতবিনিময় করেন। তিনি এলাকার জলের পাম্পগুলি দ্রুত সারাইয়ের নির্দেশ দেন। এলাকায় পানীয় জলের সমস্যা দ্রুত সুরাহার হবে বলে আশ্বাস দেন তিনি।

***************************

**Ratan Lal nath :**

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার রাজ্যের সব অংশের মানুষকে বিভিন্ন বিষয়ে দক্ষ করে তুলতে প্রশিক্ষনের ব্যবস্থা করছে। প্রশিক্ষণের পর স্বাবলম্বী হবার জন্য ঋণ প্রদান করা হচ্ছে। আজ মোহনপুর ব্লক চত্বরে আয়োজিত মেগা স্কিল অ্যাওয়ারনেস এন্ড প্লেসমেন্ট ড্রাইভ অনুষ্ঠানে তিনি কথা বলেন।

****************************

**MP Biplab Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ আগরতলার প্রতাপগড়ে বিজেপি মন্ডল আয়োজিত চৌপাল বৈঠকে অংশগ্রহণ করেন। তিনি বলেন, বিজেপি'র গ্রাম চলো অভিযান দলের কর্মকর্তাদের মধ্যে সৌহার্দ্য এবং ঐক্যের অনুভূতি সুদৃঢ় করবে। শ্রী দেব প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের সাফল্য বিস্তারিত উল্লেখ করেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–

আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM-VARANASI :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বারাণসীর মেহেদিগঞ্জে তিন হাজার আটশ ৮৪ কোটি টাকারও বেশি মূল্যের ৪৪টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে সড়ক পরিকাঠামো, বিদ্যুৎ, শিক্ষা এবং পর্যটনের উন্নয়ন। পরে, একটি জনসভায় তিনি শহরের দ্রুত উন্নয়নের কথা তুলে ধরে বলেন, কাশী এখন কেবল প্রাচীনত্বের প্রতীক নয় বরং অগ্রগতির একটি মডেল হিসেবে আবির্ভূত হয়েছে। তিনি রূপান্তরের প্রশংসা প্রধানমন্ত্রী ৭০ বছরের বেশি বয়সী তিনজন বয়স্ক ব্যক্তিকে আয়ুষ্মান কার্ড এবং তিনটি ভৌগোলিক নির্দেশক বা জিআই শংসাপত্রও হস্তান্তর করেন এবং বনস ডেয়ারি আমুলের সঙ্গে যুক্ত রাজ্যের দুগ্ধ চাষীদের ১০৬ কোটি টাকার বোনাসও হস্তান্তর করেন।

প্রধানমন্ত্রী বলেন, আয়ুষ্মান ভারত যোজনা সাধারণ মানুষের জন্য আশীর্বাদের চেয়ে কম নয়।

######Byte-PM#####

রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল এবং মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

***************************

**Doordarshan Visit :**

দূরদর্শনের অতিরিক্ত অধিকর্তা বেদ প্রকাশের নেতৃত্বে দূরদর্শনের মানব সম্পদ বিভাগের উচ্চ পদস্থ আধিকারিকরা গতকাল আগরতলা দূরদর্শন কেন্দ্র পরিদর্শন করেন ও দূরদর্শনের কাজকর্ম পর্যালোচনা করেন। এই প্রতিনিধিদলে ছিলেন, উপমহানির্দেশক অভিষেক আগরওয়াল, ইঞ্জিনিয়ারিং বিভাগের দুই অধিকর্তা। পর্যালোচনা বৈঠকে, অতিরিক্ত অধিকর্তা বেদ প্রকাশ আগরতলা দুরদর্শন কেন্দ্রের সংবাদ বিভাগ ও কার্যক্রম বিভাগের পরিকাঠামোর আরো আধুনিকীকরণের উপর গুরুত্ব আরোপ করেন। বৈঠকে উপস্থিত ছিলেন, আগরতলা দূরদর্শন কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত প্রধান, সহকারী অধিকর্তা অশোক, প্রোগ্রাম বিভাগের প্রধান আল্পনা দাস, আঞ্চলিক সংবাদ বিভাগের প্রধান কুনাল শিন্ডে সহ অন্যান্য আধিকারিকরা।

****************************

**Earthquake :**

আগরতলা শহর সহ রাজ্যের বিভিন্ন স্থানে আজ বিকেলে মৃদু ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৪। তবে ক্ষয়ক্ষতির কোন খবর এখনো পাওয়া যায়নি। ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল বাংলাদেশে ২৪.০৫ অক্ষাংশ এবং ৯১.৩৭ দ্রাঘিমাংশে, ভূ-পৃষ্ঠ থেকে ১০ কিমি গভীরে। মিজোরাম, মেঘালয় ও বাংলাদেশের কিছু অঞ্চলেও আজ মৃদু ভূ-কম্পন অনুভূত হয়।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা

হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**Gram Chholo :**

B.J.P'র উদ্যোগে আজ ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন গঙ্গানগর পঞ্চায়েতে গ্রাম চলো অভিযান অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, দলের মন্ডল সভাপতি তরুন কুমার দাস প্রমুখ।

******************************

**Deputation :**

সি.পি.আই(এম) কৈলাশহর শহর অঞ্চল কমিটির পক্ষ থেকে আজ দুই দফা দাবিতে জলসম্পদ বিভাগের নির্বাহী বাস্তুকারের কাছে এক ডেপুটেশন প্রদান করা হয়। দাবিগুলো হচ্ছে, কৈলাশহর পুর এলাকার স্ল্যুইস গেট ও পাম্প মেশিনগুলো দ্রুত সারাই এর ব্যবস্থা করা, জল নিষ্কাশনের জন্য উচ্চ ক্ষমতাসম্পন্ন পাম্প বসানোর ব্যবস্থা করা। উপস্থিত ছিলেন, দলের রাজ্য কমিটির সদস্য বিশ্বরূপ গোস্বামী, মহকুমা সম্পাদক অঞ্জন কুমার রায় প্রমুখ।

*****************************

**CPIM :**

সারা ভারত কৃষক সভার ৮৯তম প্রতিষ্ঠা দিবস আজ রাজ্যেও পালিত হয়। আগরতলায় কৃষক ভবনে আয়োজিত অনুষ্ঠানে সংগঠনের পতাকা উত্তোলন করেন সারা ভারত কৃষক সভার ত্রিপুরা রাজ্য কমিটির সভাপতি অঘোর দেববর্মা। উপস্থিত ছিলেন সংগঠনের সহসভাপতি মতিলাল সরকার। সংগঠনের রাজ্য সম্পাদক পবিত্র কর বক্তব্য রাখতে গিয়ে অভিযোগ করেন রাজ্য সরকার কৃষকদের দ্বিগুণ আয়ের স্বপ্ন দেখাচ্ছে, অথচ জলসেচের পর্যাপ্ত সুবিধা দিতে পারছে না। কৃষকরা নিয়মিত সার ও বীজ পাচ্ছে না।

শ্রী কর বলেন, কৃষক সভার আন্দোলন-জমির অধিকারের আন্দোলন যা কেরালা, পশ্চিমবঙ্গ ও ত্রিপুরায় সর্বাধিক সাফল্য পেয়েছে।

*************************

**Under 15 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। প্রথম দিনে চারটি খেলা হয়। তেলিয়ামুড়ার মাঠে খোয়াই ৫ উইকেটে আমবাসাকে, বিশালগড়ের মাঠে সদর-বি ৮ উইকেটে জিরাণীয়াকে, উদয়পুরের মাঠে সদর-এ ১৫৩ রানে সোনামুড়াকে এবং বিলোনীয়ার মাঠে বিশালগড় ৮ উইকেটে মোহনপুকে পরাজিত করে। কৈলাসহর ও ধর্মনগরে অপর দুটি খেলা বৃষ্টিতে পরিত্যক্ত হয়। মোট ২০টি মহকুমা দল এই আসরে অংশ নিয়েছে। চারটি গ্রুপে লড়াইয়ের পর নকআউট পদ্ধতিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে।

*************************

**IPL Fan Club :**

ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী, ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের পরিচালনায় আগরতলায় স্বামী বিবেকানন্দ ময়দানে আগামীকাল থেকে দুদিনের ফ্যান পার্কের আয়োজন করা হবে। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে টিসিএ-র সভাপতি তপন লোধ একথা জানান। তিনি জানান, এই ফ্যান পার্কে আগামী দু'দিন বড় পর্দায় আই.পি.এল-এর মোট ৪টি ম্যাচ দেখানো হবে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি

বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস।

****************************